# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১০৭৯

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২২০. জুমু‘আহর দিন সালাতের পূর্বে গোলাকার হয়ে বসা

باب التَّحَلُّقِ يَوْمَ الْجُمُعَةِ قَبْلَ الصَّلاَةِ

---

আরবী

حَدَّثَنَا مُسَدَّدٌ، حَدَّثَنَا يَحْيَى، عَنِ ابْنِ عَجْلاَنَ، عَنْ عَمْرِو بْنِ شُعَيْبٍ، عَنْ أَبِيهِ، عَنْ جَدِّهِ، أَنَّ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم نَهَى عَنِ الشِّرَاءِ وَالْبَيْعِ فِي الْمَسْجِدِ وَأَنْ تُنْشَدَ فِيهِ ضَالَّةٌ وَأَنْ يُنْشَدَ فِيهِ شِعْرٌ وَنَهَى عَنِ التَّحَلُّقِ قَبْلَ الصَّلاَةِ يَوْمَ الْجُمُعَةِ .

حسن ـ

বাংলা

১০৭৯। ’আমর ইবনু শু’আইব (রহঃ) হতে পর্যায়ক্রমে তার পিতা ও তার দাদার সূত্রে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মসজিদে বেচা-কেনা করতে, হারানো বস্তু তালাশ করতে এবং কবিতা আবৃত্তি করতে নিষেধ করেছেন। আরো নিষেধ করেছেন জুমু’আহর দিন সালাতের পূর্বে মসজিদে গোল হয়ে বসতে।[1]

হাসান।

## English

Narrated Abdullah ibn Amr ibn al-'As:

The Messenger of Allah (ﷺ) prohibited buying and selling in the mosque, announcing aloud about a lost thing, the recitation of a poem in it, and prohibited sitting in a circle (in the mosque) on Friday before the prayer.

ফুটনোট

[1] তিরমিযী (অধ্যায় : সালাত, অনুঃ মসজিদে ক্রয় বিক্রয়, কবিতা আবৃত্তি করা মাকরূহ, হাঃ ৩২২, ইমাম

তিরমিযী বলেন, ‘আবদুল্লাহ ইবনু ‘আমরের হাদীসটি হাসান), নাসায়ী (অধ্যায় : মাসাজিদ, অনুঃ মসজিদে ক্রয় বিক্রয় করা নিষেধ, হাঃ ৭১৩) সকলে ‘আমর ইবনু শু‘আইব হতে।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী  বর্ণনাকারীঃ আমর ইবনু শু‘আয়ব (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=58397

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন